

ফতওয়া নং ৩৪৪

প্রশ্নঃ

প্রিয় শায়েখ মহিলারা এতেকাফ করতে পারবে কিনা তার পদ্ধতি কেমন হবে যদি কোন পুরুষ এতেকাফে বসতে না চায় বা না পারে তো মহল্লার তরফ থেকে এই এতেকা যথেষ্ট হবে কিনা

উত্তরঃ

মহিলাদের ইতেকাফ করাও সুন্নাত। হায়েয়-নেফাস থেকে পবিত্র থাকার শর্তসাপেক্ষে স্বামী থাকলে স্বামীর অনুমতিতে মহিলারা বাড়িতে নিজের নামায পড়ার নির্দিষ্ট জায়গায় ইতেকাফ করতে পারে। নিয়ম পুরুষদের ইতেকাফের মতোই। শুধু মসজিদ আর বাড়ির পার্থক্য। তবে মহিলার ইতেকাফ দ্বারা মহল্লার পুরুষরা দায়মুক্ত হতে পারবে না।
(আলমগীরী ১/২১১, ফাতাওয়া মাহমুদিয়া ১০/২৭৮, কামূসুল ফিকহ ২/১৭২)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
২৮ শে রমাঘান, ১৪৪৫ হিজরী (**07/04/2024**)